BAPEX

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ
বাপেক্স, ঢাকা

বিষয় : ফেব্রুয়ারি, ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ১০ ফেব্রুয়ারি, ২০২৫ সকাল ১১:০০ টা

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | কার্যবিবরণী নিশ্চিতকরণ | সভার শুরুতে ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানান। অত:পর সভাপতির অনুমতি নিয়ে উপমহাব্যবস্থাপক (বোর্ড) সভার সভাপতি, মহাব্যবস্থাপকসহ সকল পর্যায়ের কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানুয়ারি, ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীতে কারো কোন মতামত আছে কিনা সে বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণের নিকট জানতে চান। কার্যবিবরণীতে কারো কোনো মতামত না থাকায় নিশ্চিত করার পক্ষে সকলে একমত প্রকাশ করেন। | (ক) জানুয়ারি, ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২ | ২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (খনন) সভায় জানান যে, জামালপুর-১ কূপ খননের জন্য Casing Accessories ও Liner Hanger ক্রয়ের লক্ষ্যে দ্রুত এল/সি স্থাপন করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক আগামী এক সপ্তাহের মধ্যে এল/সি স্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) জামালপুর-১ কূপ খননের জন্য Casing Accessories ও Liner Hanger ক্রয়ের লক্ষ্যে আগামী এক সপ্তাহের মধ্যে এল/সি স্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)<br>২। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | ব্যবস্থাপনা পরিচালক ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপনের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ভূমি অধিগ্রহণ সংক্রান্ত ব্যয় প্রাক্কলন আগামী সপ্তাহে পাওয়া যাবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রকল্পটি অনুমোদিত হলেও প্রশাসনিক জটিলতার কারনে ভূমি অধিগ্রহণ বিলম্ব হচ্ছে। তাই তিনি দ্রুত ভূমি ডিমার্কেশন করার উপর গুরুত্ব আরোপ করেন। | ক) ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ৪ | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান যে, ১০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন ১টি রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রতিবেদন আগামী ২/১ দিনের মধ্যে দাখিল করা সম্ভব হবে। এছাড়া ২৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন ১টি রিগের কারিগরি বিনির্দেশ তৈরি করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। | (ক) ১০০০ ও ২৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন ২টি রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন ও প্রাক্কলন দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>৩। সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপক |
| ৫ | গভীর কূপ খনন প্রকল্প | উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) জনাব মোঃ রেজাউল হালিম জানান যে, অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী DPP পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে ২৯ জানুয়ারি ২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ক) ফেঞ্চুগঞ্জ সাউথ-১ অনুসন্ধান কূপের GTO দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | এ পর্যায়ে প্রকল্প ব্যবস্থাপক জনাব শ্যামল কুমার বালো বলেন যে, প্রকল্পের আওতায় ফেঞ্চুগঞ্জ সাউথ-১ অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে Geological Technical Order (GTO) দ্রুত প্রস্তুত করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক ফেঞ্চুগঞ্জ সাউথ-১ অনুসন্ধান কূপের GTO দ্রুত প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৬ | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | ব্যবস্থাপনা পরিচালক সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব তারিকুল ইসলাম জানান যে, এ সংক্রান্ত একটি নথি পরিকল্পনা ও আইসিটি বিভাগে প্রেরণ করা হয়েছে। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) জনাব মোঃ রেজাউল হালিম জানান যে, শৈলকূপা এলাকাটি সুবর্ণচর ও ফেনী এলাকা হতে দূরবর্তী হওয়ায় দুটি আলাদা প্রকল্প গ্রহণ করা সমীচীন হবে বলে মতামত ব্যক্ত করেন। এছাড়া প্রকল্পের মেয়াদ ৫ বছর না করে ৩ বছরের মধ্যে সীমাবদ্ধ রাখার প্রস্তাব করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে করার লক্ষ্যে অধিকতর যাচাই-বাছাই করতঃ প্রকল্প প্রস্তাব প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। | (ক) সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ২৫০০ বর্গ কি. মি. ৩ডি সাইসমিক সার্ভে করার লক্ষ্যে অধিকতর যাচাই-বাছাই করতঃ প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৭ | চরফ্যাশন, মনপুর ও হাতিয়া এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | ব্যবস্থাপনা পরিচালক "চরফ্যাশন, মনপুর ও হাতিয়া এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে" শীর্ষক প্রকল্পের অগ্রগতি জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) জানান যে, পরিচালক পর্ষদের ৪৯৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। বর্তমানে পেট্রোবাংলার মতামতের আলোকে ডিপিপি পুনর্গঠনের কাজ চলছে। | (ক) প্রকল্প অনুমোদন ত্বরান্বিত করার জন্য পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৮ | অডিট আপত্তি | ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তি বিষয়ে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার অগ্রগতি তুলে ধরেন। এ পর্যায়ে কোম্পানি সচিব অডিট অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাকে নিয়ে বাপেক্স এ অডিট বিষয়ে একটি সেমিনার আয়োজন করার প্রস্তাব করেন। ব্যবস্থাপনা পরিচালক অডিট বিষয়ে একটি সেমিনার আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) অডিট অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাকে নিয়ে অডিট বিষয়ে একটি সেমিনার আয়োজন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (এইচআরএম)<br>২। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ৯ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনীয়তার নিরিখে অর্গানোগ্রাম প্রণয়ন করে আগামী এক সপ্তাহের মধ্যে প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | ক) অর্গানোগ্রাম প্রণয়ন করে আগামী এক সপ্তহের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ও আহবায়ক, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি |
| ১০ | রূপগঞ্জে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণ | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জে-১ কূপে ওয়ার্কওভার কাম খনন (৫০০± ৫০মি.) পরিচালনার লক্ষ্যে 5" Liner Hanger-সহ Liner, Well head & x-mas tree, 2-7/8" Tubing, Completion Materials প্রয়োজন হবে।<br>চলতি বৎসর রূপগঞ্জ ওয়ার্কওভার কাম খনন সম্পন্ন করতে যথাশীঘ্র ক্রয় প্রক্রিয়া শুরু করতে হবে। এছাড়া, SGFL এর তিনটি কূপ (KTL-১, রশিদপুর-৩ বিয়ানীবাজার-১) বাপেক্সের মাধ্যমে খনন করা হবে। বাপেক্স ও SGFL এর কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে গঠিত কমিটির প্রতিবেদনে একাজে প্রয়োজনীয় মালামাল বাপেক্স কর্তৃক সরবরাহ করা হবে মর্মে সুপারিশ রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত ক্রয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) রূপগঞ্জে-১ কূপে ওয়ার্কওভার কাম খনন (৫০০± ৫০মি.) পরিচালনার লক্ষ্যে 5" Liner Hanger-সহ Liner, Well head & x-mas tree, 2-7/8" Tubing, Completion Materials ক্রয়ের ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (খনন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর নিরাপত্তা সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (এইচএসই) জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধিদল বাপেক্স ভবন পরিদর্শন শেষে সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া Gas Generator সম্পর্কে তিতাস গ্যাস-কে অবহিত করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্ক থাকা ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। এছাড়া তিনি বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরের কর্ণারে সিসি টিভি ক্যামেরা স্থাপনের নির্দেশনা প্রদান করেন। | (ক) বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ভবনের প্রতিটি ফ্লোরের কর্ণারে সিসি টিভি ক্যামেরা স্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১২ | বিবিধ | (ক) ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-১ কূপে সফল সমাপ্তি শেষে বাণিজ্যিক গ্যাস পাওয়া গেলে যাতে দ্রুত গ্যাস উৎপাদন করা যায় সেজন্য পাইপ লাইন স্থাপনের জন্য একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। | (ক) জামালপুর-১ কূপে এলাকায় গ্যাস সরবরাহের লক্ষ্যে পাইপ লাইন স্থাপনের জন্য একটি কমিটি গঠন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | | (খ) উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভায় জানান যে, তার দপ্তরে ব্যবহারের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (খ) উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তরে ব্যবহারের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | (গ) উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) সভায় জানান যে, সাইসমিক সার্ভের মালামাল সংরক্ষণের জন্য একটি গোডাউন বা ওয়ারহাউজ নির্মাণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (গ) সাইসমিক সার্ভের মালামাল সংরক্ষণের জন্য একটি গোডাউন বা ওয়ারহাউজ নির্মাণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শোয়েব ২২/২/২০২৫
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ........................................ বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................ বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্যবস্থাপক ........................ বাপেক্স।
৪) অফিস কপি।